ইমেইলে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

[কাস্টমস: WCO Affairs & IPR শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০১.০০৬.২৩. ৩১৪

তারিখ: ~~নভেম্বর~~ ৩০ অক্টোবর, ২০২৫ খ্রি.।

**বিষয়: 3rd WCO BACUDA Scholarship Programme -এ অংশগ্রহণের জন্য আবেদনপত্র আহ্বান।**

সূত্র: WCO হতে প্রাপ্ত পত্র নং- 25IL00228E; তারিখ: ২৭ অক্টোবর ২০২৫/ব্রাসেলস।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জানুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখ হতে ২৪ এপ্রিল ২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত 3rd WCO BACUDA Scholarship Programme (Data Analytics) কোরিয়ার Hanyang University (HYU) অনুষ্ঠিত হবে। আলোচ্য 94th WCO Fellowship Programme-এ অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর আগ্রহী কর্মকর্তাগণকে আবেদনের জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

২। আলোচ্য প্রোগ্রামে অংশগ্রহনের জন্য আবেদনকারীর যোগ্যতাসহ অন্যান্য তথ্যাদি পত্রের সাথে সংযুক্ত দলিলাদিতে দেখা যেতে পারে। এছাড়া, আলোচ্য প্রোগ্রামে নির্বাচিত হওয়ার জন্য আবেদনকারীদের একটি Project Proposal জমা দিতে হবে; যাতে নিম্নোক্ত বিষয়গুলো প্রাধান্য পাবে-

(i) sets out a Customs-relevant analytics topic;
(ii) explains current data-use challenges;
(iii) outlines problem-solving methodologies and required technical skills; and
(iv) describes expected outcomes.

তাছাড়া, চূড়ান্ত নির্বাচনের পূর্বে দাখিলকৃত দলিলাদির ভিত্তিতে আবেদনকারীদের একটি সাক্ষাৎকার নেয়া হতে পারে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলি ই-মেইলের সাথে সংযুক্ত দলিলাদিতে উল্লেখ রয়েছে।

৩। বর্ণিত প্রেক্ষিতে, বিবেচ্য 3rd WCO BACUDA Scholarship Programme -এ অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে **(সহকারী কমিশনার ও তদূর্ধ্ব)** **আগামী ১০ নভেম্বর ২০২৫ খ্রি.** তারিখের মধ্যে নিম্নোক্ত দলিলাদিসমূহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে ই-মেইলযোগে [wcoaffairs.nbr@gmail.com] সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বরাবর [দৃষ্টি আকর্ষণ: ২য় সচিব (Customs: WCO Affairs)] প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) আবেদনপত্রের MS Word (Nikosh Font-12) Copy ও PDF Copy
খ) পত্রসংযুক্ত দলিলাদিতে বর্ণিত Qualifications সংক্রান্ত প্রমাণক এর-PDF Copy
গ) Customs সংক্রান্ত একটি সুনির্দিষ্ট বিষয়ে Project Proposal এর PDF Copy.

সংযুক্তি: ০৫ (পাঁচ) টি (ই-মেইলে প্রেরিত)।

৩০/১০/২০২৫

**(দ্বৈপায়ন চাকমা)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs & IPR Section)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: wcoaffairs.nbr@gmail.com

**<u>বিতরণ কার্যার্থে</u>** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
৩. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূল্য সংযোজন কর, ঢাকা।
৮. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১০. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্রগ্রাম/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১২. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]**।
১৩. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**<u>অনুলিপি জ্ঞাতার্থে</u>** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।